44

তারিখ 14 DEC 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

দৈনিক
ইনকিলাব

# চট্টগ্রাম রেলওয়ে স্কুলে অকৃতকার্য ছাত্রদের ব্যাপক ভাঙচুর

চট্টগ্রাম ব্যুরো, ১৩ ডিসেম্বর ঃ টেস্ট পরীক্ষায় ফেল করা ৪৬ জন ছাত্রকে এসএসসি পরীক্ষার জন্য ফরম ফিলআপের সুযোগ না দেয়ায় উত্তেজিত ছাত্ররা আজ পাহাড়তলী রেলওয়ে স্কুলে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করেছে। এ সময় ৪ রাউন্ড গুলী ও ৬/৭টি ককটেল বিস্ফোরণ হলে এলাকায় আতংক ছড়িয়ে পড়ে। কতিপয় উচ্ছৃংখল ছাত্র স্কুলের প্রধান শিক্ষককে খুঁজতে থাকে এবং তাকে না পেয়ে সহকারী প্রধান শিক্ষক জনাব আব্দুল ওয়াদুদকে অফিস কক্ষে তালাবদ্ধ রাখে। ছাত্ররা স্কুলের সব কয়টি দরজা ও জানালা ব্যাপক ভাঙচুর করে। এসময় ৪ জন ছাত্র সামান্য আহত হয়। খবর পেয়ে বেলা ১টায় পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে এবং তালাবদ্ধ শিক্ষককে উদ্ধার করে। পাহাড়তলী থানা পুলিশ ঘটনার সত্যতা স্বীকার করেছে এবং এ ব্যাপারে থানায় মামলা হবে বলে জানিয়েছে।